

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ০৯/২০১৬

তারিখঃ ১৪/০২/২০১৬খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-১৬২, তারিখঃ ০৯/০২/২০১৬ইং সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

মোহাম্মদ মুছা
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ (সংশোধিত)

আদেশ নং- ১৬২

তারিখ- ৯/২/১৬

বিষয় : আমদানিকৃত H.R.Coil, C.R.Coil, Zinc Coated Coil Sheet, Zinc Aluminum Alloy Coated Coil/Sheet, Painted Varnished or Coated with Plastic Sheet, Tin Plated/Coated Sheet, C.I.Sheet/Plate, S.S.Sheet/Coil, Silicon Sheet ইত্যাদি পণ্য পরীক্ষা তদারকির জন্য পুনঃ কমিটি গঠন।

সূত্র : অফিস আদেশ নং-১৩, তারিখ-০১.১১.২০১১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, বিষয়ে উল্লেখিত সকল পণ্যের ঘোষণা, এইচ.এস.কোড, ওজন, গুণগতমান, উৎস দেশ, শুদ্ধ করার প্রয়োজ্য হার ও পরিমাণের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে যুগ্ম-কমিশনার (জেটি) কে প্রধান করে পুনরায় নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো।

- (১) আনস্টাফিং সেকশন তত্ত্বাবধানকারী সহকারী/ডেপুটি কমিশনার;
- (২) এআইআর শাখার এক বা একাধিক সহকারী রাজস্ব কর্মকর্তা;
- (৩) যুগ্ম-কমিশনার (জেটি) কর্তৃক মনোনীত একজন সহকারী রাজস্ব কর্মকর্তা এবং
- (৪) গেট-১ এর দায়িত্বপ্রাপ্ত রাজস্ব কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন সহকারী রাজস্ব কর্মকর্তা।

২। উল্লিখিত কমিটি নিম্নোক্ত বিষয়গুলো পর্যবেক্ষণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেনঃ

- (ক) সেকেন্ডারী কোয়ালিটি ঘোষণায় আমদানিকৃত পণ্য চালান প্রকৃতই সেকেন্ডারী কোয়ালিটি কি-না তা কমিটি কর্তৃক নিশ্চিত হতে হবে। সেই সাথে প্রাইম কোয়ালিটি এবং সেকেন্ডারী কোয়ালিটি উভয় শ্রেণীর পণ্য চালান ঘোষণা ও ওজনের সঠিকতা, বান্ডেল/কয়েল দ্বৈবচয়নের [শুঙ্কায়ন সেকশন-৮(এ) তত্ত্বাবধানকারী ডেপুটি কমিশনার/যুগ্ম-কমিশনার/অতিরিক্ত কমিশনার কর্তৃক] ভিত্তিতে যাচাই করে নিশ্চিত করতে হবে। এরূপ যাচাইকালে ঘোষণা ও শুঙ্কায়নের সাথে কোন অসংগতি পাওয়া গেলে পণ্য চালানসমূহের খালাস কার্যক্রম স্থগিত রেখে অসংগতির বিষয় উল্লেখ করে প্রতিবেদন আকারে দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে উপস্থাপন করতে হবে;
- (খ) অনুচ্ছেদ-“ক” অনুযায়ী কোন অসংগতি পাওয়া না গেলে পণ্য চালান খালাসের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (গ) কমিটিতে পদস্থ একজন সহকারী রাজস্ব কর্মকর্তা ওয়েইটিং স্কেলের (Weighing Scale) দায়িত্বে থাকবেন এবং একটি রেজিস্টার সংরক্ষণ করবেন। উক্ত রেজিস্টারে উল্লিখিত প্রতিটি চালানের কায়িক পরীক্ষায় প্রাপ্ত গড়মিল (Anamoly) সংশ্লিষ্ট তথ্যাদি সংরক্ষণ করতে হবে; এবং
- (ঘ) কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম শুঙ্কায়ন সেকশন-৮(এ) তত্ত্বাবধানকারী ডেপুটি কমিশনার/যুগ্ম-কমিশনার/অতিরিক্ত কমিশনার নিয়মিত মনিটরিং করবেন এবং সাপ্তাহিক প্রতিবেদন নিয়মিতভাবে কমিশনারের নিকট দাখিল করবেন।

৩। এই আদেশ জনস্বার্থে জারী করা হলো। এটি অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।

৪। এই আদেশ জারীর সাথে সাথে অভিন্ন বিষয়ে ইতোপূর্বে জারীকৃত আদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাঃ/-

(হোসেন আহমদ)

কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস, চট্টগ্রাম।